

259422 - ডাক্তারি স্বচ্ছ মোজার উপর মাসেহ করা

প্রশ্ন

আমি.... দেশে থাকি। আমার স্ত্রী ছয় মাসের অন্তঃসত্তা। আমার স্ত্রী গর্ভধারণের প্রেক্ষিতে তার দুই পায়ে Varicose veins (স্ফীত শিরা) রোগে আক্রান্ত হয়েছে। ডাক্তার তাকে ডাক্তারি ইলাস্টিক মোজা পরার আদেশ দিয়েছেন। এটি স্বচ্ছ; এর ভেতর দিয়ে শরীর দেখা যায়। ডাক্তার বলেছেন, রাতে ছাড়া সারাদিন পরে থাকতে। উল্লেখ্য, এ মোজাটি শুধু পায়ের পাতাতে পরার জন্য নয়; বরং উপরের দিকে প্যান্টের মত পরিপূর্ণ। এমতাবস্থায় আমার স্ত্রীর ওজু করার পদ্ধতি কী হবে? সে কি শুধু মোজার ওপর মাসেহ করবে? যদি মাসেহ করা ঠিক হয় তাহলে মাসেহের পদ্ধতি কী হবে? উল্লেখ্য, এ মোজা পরা ও খোলা কঠিন ব্যাপার। কেননা মোজাগুলো রাবারের তৈরী ইলাস্টিক। দয়া করে, আমাদেরকে বিষয়টি অবহিত করবেন; বারাকাল্লাহ ফিকুম।

প্রিয় উত্তর

সর্বস্বত্ত্বের আলেমগণের অভিমত হচ্ছে—স্বচ্ছ মোজার ওপর মাসেহ করা নিষিদ্ধ। মোজার ওপর মাসেহ করার বৈধতা মোজা মোটা হওয়ার শর্তযুক্ত।

এই মোজাটি যদি এমন পাতলা হয় যে, মোজার নীচের চামড়া দেখা যায় তাহলে অগ্রগণ্য মতানুযায়ী, এমন মোজার ওপর মাসেহ করা যাবে না।

কিন্তু, অসুস্থ ব্যক্তিকে যদি এমন মোজা পরিধান করতে হয় এবং প্রত্যেক ওয়ুর সময় এটা খোলা তার জন্য কষ্টকর হয়; তাহলে তিনি ওয়ু করে মোজাটি পরবেন এরপর উক্ত মোজার ওপরে আরেকটি মোটা মোজা পরে নিবেন। যখন তার ওয়ু করার দরকার হবে তখন তিনি উপরের মোজার ওপর মাসেহ করবেন; মোজাটি খুলে ফেলা পর্যন্ত কিংবা মাসেহ করার সময়কাল উত্তীর্ণ হওয়া পর্যন্ত।

আর যদি তিনি সেটা করতে অক্ষম হন এবং ডাক্তারি মোজা খুলে ফেললে তার শারীরিক ক্ষতি হয় কিংবা সুস্থতা বিলম্বিত হয় তাহলে এ মোজার হুকুম ব্যাভেজ এর মত: তিনি উপরে নীচে গোটা ব্যাভেজ এর ওপর মাসেহ করবেন; অর্থাৎ যতটুকু স্থান ধৌত করা ফরয ততটুকু।

যদি আপনার স্ত্রী রাতের বেলা এ মোজা খুলে রাখেন তাহলে তিনি ফজরের নামাযের জন্য ওয়ু করার পর এ মোজা পরবেন। এরপর এটার ওপর অন্য মোটা একটা মোজা পরবেন। তখন মাসেহের হুকুম ওপরের মোজাটির বিবেচনায় বর্ততে; নীচেরটার বিবেচনায় নয়। রাতের বেলা মোজা খুলে রাখবেন। আবার ফজরের জন্য ওয়ু করে পূর্বোক্ত পদ্ধতিতে পরবেন।

এ প্রশ্নটি আমি আমাদের শাইখ আব্দুর রহমান আল-বার্রাকের কাছে পেশ করেছি। তিনি বলেন: এ মোজাটিতে দুইটি বিষয় একত্রিত হয়েছে— এক দিক থেকে এটি ব্যাভেজ এর সাথে সাদৃশ্যপূর্ণ; যেহেতু এটি পরা জরুরী। অপর দিক থেকে এটি মোজা।

আমার অভিমত হচ্ছে—এ বোন ডাজ্জারি মোজার ওপর মাসেহ করতে পারেন। পায়ের যতটুকু ধৌত করা ফরয ততটুকু মাসেহ করবেন। আর মাসেহের সময়কালের ক্ষেত্রে মোজার সময়কালকে বিবেচনা করবেন এবং ওযু করে পরতে হবে।

আল্লাহ্ই সর্বজ্ঞ।